

বাংলাদেশের ইতিহাসে ধানমন্ডি ৩২ অথবা, ধানমন্ডি ৩২: উত্থান ও পতন

ভূমিকা : ধানমন্ডি ৩২ নম্বর বাড়ি যা বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর বা বঙ্গভবন নামে পরিচিত ছিল। বাড়িটি ঢাকার ধানমন্ডিতে অবস্থিত ছিল। এটি ছিল মূলত শেখ মুজিবুর রহমানের ব্যক্তিগত বাসভবন যা পরবর্তীতে জাদুঘরে রূপান্তর করা হয়। ১৯৭১ সালে স্বাধীনতা যুদ্ধ, যুদ্ধ পূর্ববর্তী এবং পরবর্তী অনেক ঘটনা এই বাড়িতে কেন্দ্র করে সংগঠিত হয়। সর্বশেষ, ১৯২৪ সালে ছাত্র জনতার আক্রমণে বাড়িতে অংশবিশেষ ক্ষতিগ্রস্ত হয়েছিল এবং পরবর্তীতে ২০২৫ সালের ৫ ফেব্রুয়ারি ছাত্র জনতার ফ্লোবের মুখে বাড়িটি সম্পূর্ণরূপে ভেঙে ফেলা হয়।

ইতিহাস : নিচে ধারাবাহিকভাবে ধানমন্ডি ৩২ এর উত্থান এবং পতন নিয়ে আলোচনা করা হলো।

স্বাধীনতা পূর্ববর্তী ধানমন্ডি ৩২:

(১৯৫৬ থেকে ১৯৬১) ১৯৫৬ সালে তৎকালীন পূর্ব পাকিস্তানের শিল্পমন্ত্রী ছিলেন শেখ মুজিবুর রহমান। সেই সময়ে তিনি তার একান্ত সচিবের মাধ্যমে ধানমন্ডি আবাসিক একটি প্লটের জন্য আবেদন করেছিলেন, যেটি এক বছর পর ৬০০০ টাকার বিনিময়ে প্লটটি তার নামে বরাদ্দ করা হয়। ১৯৫৮ সালের ১১ অক্টোবর শেখ মুজিবুর রহমানকে গ্রেপ্তার করা হলে তার পরিবারকে সম্পত্তি থেকে উচ্ছেদ করা হয়। ১৯৬০ সালে তিনি কারাবরণ থেকে মুক্তি পান এবং ১৯৬১ সালে কিছু ঋণ নিয়ে দুই কক্ষ বিশিষ্ট একটি অসম্পূর্ণ বাড়ি নির্মাণ করেন এবং পরিবার নিয়ে বসবাস শুরু করেন।

(১৯৬১ থেকে ১৯৭১) ১৯৮৬ সালে বাড়িটি দোতলা পর্যন্ত নির্মাণ করা হয়। এখানে পাকিস্তানের রাজনৈতিক অনেক গুরুত্বপূর্ণ ঘটনা সংগঠিত হয়েছিল, যেগুলোর মধ্যে রয়েছে ছয় দফা আন্দোলন, ১৯৬৯ সালের গণঅভ্যুত্থান, ১৯৭০ সালের সাধারণ নির্বাচন ইত্যাদি রাজনৈতিক কর্মকাণ্ডের কেন্দ্রবিন্দু। ১৯৭১সালের ২৫ থেকে ২৬ মার্চ রাতে এই বাড়ি থেকেই স্বাধীনতার ঘোষণা দেওয়া হয় এবং এর পরমুহুর্তে তিনি গ্রেপ্তার হন। দেশ স্বাধীনের পর তিনি মুক্তি পেলে এ বাড়িতেই বসবাস শুরু করেন এবং তার মৃত্যুর আগ পর্যন্ত এ বাড়ি থেকেই রাজনৈতিক সমস্ত কার্যক্রম পরিচালিত হতো।

স্বাধীনতা পরবর্তী ধানমন্ডি ৩২ :

(১৯৭৫ থেকে ১৯৯৪) ১৯৭৫ সালের ১৫ ই আগস্ট এক সামরিক অভ্যুত্থানের মাধ্যমে শেখ মুজিব ও তার পরিবার এ বাড়িতে নতুন এবং সামরিক শাসন জারি হলে বাড়িতে সামরিক সরকার অধিগ্রহণ করে। ১৯৮১ সালে ভবন নির্মাণের জন্য নেওয়া কিস্তির টাকা পরিশদ না করার জন্য বাড়িটি নিলামে তোলা হয়। টাকা পরিশোধ করা হলে ১৯৮১ সালের ১২ জুন বাড়িটি শেখ পরিবারের জীবিত সদস্য শেখ হাসিনার নিকট হস্তান্তর করা হয়।

(১৯৯৪ থেকে ২০২৫) ভবনটির মালিকানা শেখ হাসিনার হাতে ন্যস্ত হলে ১৯৯৪ সালে এটি কে জাদুঘরে রূপান্তর করা হয় এবং এ বছরই এটি বঙ্গবন্ধু মেমোরিয়াল ট্রাস্টের কাছে হস্তান্তর করা হয়। ২০১১ সালে মূল কাঠামো সংরক্ষণ করে পাশে একটি ৬ তলা কাঠামো নির্মান করে জাদুঘরটিকে সম্প্রসারিত করা হয়। ২০২৪ সালে জুলাই বিপ্লব সংঘটিত হলে শেখ হাসিনা পদত্যাগ করতে বাধ্য হন। ২০২৪ সালের ৫ আগস্ট শেখ হাসিনা দেশ ছেড়ে চলে গেলে বিক্ষুব্ধ ছাত্র জনতা বাড়িটিতে ভাঙচুর চালায়, যার ফলে বাড়িটির আংশিক ক্ষতিগ্রস্ত হয়। পরবর্তীতে ২০২৫ সালের ৫ ফেব্রুয়ারি ছাত্রলীগের সহায়তায় শেখ হাসিনা ফেসবুক লাইভে এসে জুলাই গণঅভ্যুত্থান কে গুরুত্ব না দিয়ে নিজের এবং দলের গুনোগান করেন। যার ফলশ্রুতিতে জনতা বিক্ষোভমুখর হয়ে ওঠে এবং ধানমন্ডি ৩২ নম্বর বাড়িটিতে ভাঙচুর চালায়। ফলে বাড়িটি সম্পূর্ণ রূপে বিধ্বস্ত হয়।

রাজনৈতিক সংগ্রামের ইতিহাস: বাংলাদেশের ইতিহাসে ৩২ নম্বর বাড়িটি অনেক গুরুত্বপূর্ণ রাজনৈতিক কর্মকাণ্ডের সাক্ষী ছিল। এখানেই প্রস্তুত হয়েছিল স্বাধীনতার আন্দোলন এবং সংগ্রামের নীলনকশা। এই বাড়ি থেকেই পরিচালনা করা হয়েছিল আয়ুব বিরোধী আন্দোলন, ৬ দফা আন্দোলন, ১৯৭০ সালের নির্বাচন এবং ১৯৭১ সালের অসহযোগ আন্দোলন। ১৯৭১ সালের ২৩ মার্চ এই বাড়িতেই প্রথম স্বাধীন এবং সার্বভৌম বাংলাদেশের বহুদিনের প্রত্যাশিত লাল-সবুজ পতাকা উত্তোলন করা হয়। ১৯৭১ সালের ২৬ শে মার্চের প্রথম প্রহরে স্বাধীনতার ঘোষণা এ বাড়ি থেকেই দেওয়া হয়। এই বাড়িতেই শেখ মুজিবুর রহমান বঙ্গবন্ধু খেতাব পান এবং পরবর্তীতে জাতির পিতা হিসেবে পরিচিত লাভ করেন। দেশ স্বাধীনের পরে শেখ মুজিব কারাগার থেকে মুক্ত হলে দেশে ফিরে এ বাড়িতেই স্থায়ীভাবে বসবাস শুরু করেন। তার মৃত্যুর আগ পর্যন্ত এ বাড়ি থেকেই তার সমস্ত রাজনৈতিক কর্মকাণ্ড পরিচালিত হত। ১৯৭৫ সালের ১৫ আগস্ট রাতে কিছু সেনা অফিসারদের হাতে এ বাড়িতেই বঙ্গবন্ধু ও তার পরিবার নিহত হন। পরবর্তীতে এই বাড়িটি জাদুঘর হিসেবে প্রতিষ্ঠা করা হলে শেখ মুজিব ও তার পরিবারের সমস্ত স্মৃতি এই বাড়িতে সংরক্ষণ করা হয়।

বুলডোজার ইতিহাস : ২০২৫ সালের ৫ ফেব্রুয়ারি বুধবার রাতে ৩২ নম্বরের এই বাড়িটি বিপ্লবী ছাত্র জনতার ব্যানারে হাজারো মানুষ জড়ো হয়ে বাংলাদেশের ইতিহাসে বহুল আলোচিত এই বাড়িটি সম্পূর্ণরূপে ধূলিস্যাৎ করে দেয়। বাংলাদেশের ইতিহাসে এই বাড়িটির উত্থান এবং পতন গুরুত্ব সহকারে আলোচনায় থাকবে।

উপসংহার: ধানমন্ডির ৩২ নম্বর বাড়িতে বাংলাদেশের ইতিহাস তথাপি আওয়ামী লীগের উত্থান-পতনের ইতিহাস। স্বাধীনতার পূর্ববর্তী এবং পরবর্তী বহু ঘটনা প্রবাহ এ বাড়িকে ঘিরেই আবর্তিত হয়েছে। ২০২৪ সালের জুলাই বিপ্লবের ফলাফল হিসাবে এ বাড়ির পতন হয় যা ২০২৫ সালের ৫ ফেব্রুয়ারি রাতে সম্পূর্ণরূপে ধ্বংস হয়ে যায়। এই বাড়িটি বাংলাদেশের ইতিহাসে স্মরণীয় একটি অংশ হয়ে থাকবে।